



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং : ৩৭.০২.০০০০.১০৫.৩১.১৯.২০২২/১৬৮৪/৬

তারিখ : ১৬/০৫/২০২২ খ্রি.

বিষয় : ঢাকা জেলার উত্তরা হাই স্কুল এন্ড কলেজ এর অধ্যক্ষ মো: হাফিজুর রহমান মোল্লা এর এমপিওভুক্তির বিষয়ে মতামত প্রদান।


সূত্র : উ/হা/স/ক/অধ্যক্ষ-২১২ তারিখ : ০৮/০৩/২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা জেলার উত্তরা হাই স্কুল এন্ড কলেজ এর অধ্যক্ষ মো: হাফিজুর রহমান মোল্লা এর এমপিওভুক্তির বিষয়ে মতামত প্রদানের জন্য সূত্রোক্ত স্মারক মোতাবেক আবেদন করেন। তাঁর এমপিওভুক্তির বিষয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আইন শাখা মতামত প্রদান করেন।

আইন শাখার মতামত : জনাব মো: হাফিজুর রহমান মোল্লা বিগত ০৮/০৫/২০১৯ তারিখে উত্তরা হাইস্কুল ও কলেজে অধ্যক্ষ পদে যোগদান করেন। জনৈক এম শফিকুল ইসলাম চৌধুরী অধ্যক্ষের নিয়োগের বিরুদ্ধে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ৩৮৯৪/২০২০ দায়ের করেন এবং উক্ত রিট পিটিশনে মহামান্য হাইকোর্ট বিভাগ রুলজারিসহ স্থগিতাদেশ প্রদান করেন। হাইকোর্ট বিভাগের সেই স্থগিতাদেশের বিরুদ্ধে সুপ্রিম কোর্টের আপিল বিভাগে আপিল নং ১৭২০/২০২০ দায়ের করেন এবং মহামান্য আপিল বিভাগ হাইকোর্ট বিভাগের আদেশকে স্থগিত করেন এবং সর্বশেষ মহামান্য হাইকোর্ট বিভাগ রিট পিটিশন নং ৩৮৯৪/২০১৯ শুনানিশেষে খারিজ করেন। মহামান্য হাইকোর্ট বিভাগের চূড়ান্ত রায়ের বিরুদ্ধে জনাব এম শফিকুল ইসলাম চৌধুরী সুপ্রিম কোর্টের আপিল বিভাগে সিভিল মিসমিলিনিয়াস পিটিশন(আপিল) নং ৪৫০/২০২১ দায়ের করেন এবং উক্ত আপিল মামলা শুনানিশেষে খারিজ হয়। রায়ের পর কলেজ কর্তৃপক্ষ অধ্যক্ষকে পুনর্বহাল করেন এবং অধ্যক্ষের এমপিওভুক্তির জন্য আবেদন করেন।

উপর্যুক্ত অবস্থায়, বিজ্ঞ আইন উপদেষ্টার মত হলো : Our opinion is that the Directorate should include the name of the above principal in the MPO scheme of the College as per Jonobal Kathamo.

এমতাবস্থায়, ঢাকা জেলার উত্তরা হাই স্কুল এন্ড কলেজ এর অধ্যক্ষ মো: হাফিজুর রহমান মোল্লা এর এমপিওভুক্তির বিষয়ে আইন শাখার মতামতের আলোকে ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মো. আবদুল কাদের) 16.5.22
সহকারী পরিচালক (কলেজ-৩)
ফোন নং ৯৫৫৬০৫৭

অধ্যক্ষ
উত্তরা হাইস্কুল এন্ড কলেজ
উত্তরা, ঢাকা।

বিতরণ :

- (১) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা;
- (২) সভাপতি, গভর্নিংবডি, উত্তরা হাইস্কুল এন্ড কলেজ, উত্তরা, ঢাকা
- (৩) সংরক্ষণ নথি।